Government of West Bengal
Directorate of Library Services,
Bikash Bhavan, 9th Floor, North Block, Salt Lake City,
Kolkata- 700 091
Phone No.: (033) 2334-5742, 2359-4270, Fax: (033) 2359-4270
E-mail ID: dlserchithi@gmail.com

Memo No.: 1002 /LS
OM/Lib- 108/2013

Dated, Kolkata, the 07th October, 2021

From
The Director of Library Services, West Bengal.
To
The District Library Officer/ Assistant District Library Officer, SMPA.

**Sub : Guidelines of the Book Fair for the year 2021-2022.**

I am sending herewith the Guideline of the District Book Fair for the year 2021-2022 to be held in the District. This should be followed while organizing the Book Fair and may be circulated to the concerned persons.

Enclo- As stated.

07/10/2021
Director of Library Services
West Bengal

## ২০২১-২০২২ জেলা বইমেলার নির্দেশিকাবলী :

সারা রাজ্যে গ্রন্থাগার পরিষেবার মানোন্নয়নের ক্ষেত্রে জেলা বইমেলা এক অবিচ্ছেদ্য অংশ হিসাবে ভূমিকা পালন করে। ২০২১-২০২২ সালের জেলা বইমেলা আগামী ২০শে নভেম্বর, ২০২১ থেকে ২৯শে জানুয়ারী, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে। জেলা বইমেলা সুসংগঠিত করার জন্য নিম্নলিখিত নির্দেশিকা অণুসরণ করা উচিত ঃ

১। সরকারি স্বাস্থ্যবিধি অনুসারে মেলাতে পুস্তক প্রেমীদের মাস্ক ব্যবহার বাধ্যতামূলক।

২। বইমেলায় পুস্তক প্রেমীদের প্রবেশের ক্ষেত্রে সরকারি বিধি মেনে চলতে হবে। মাস্ক ছাড়া কোনো দর্শনার্থীকে মেলায় প্রবেশ করতে দেওয়া হবে না।

৩। বইমেলা কমিটিকে স্যানিটাইজেশন ও থার্মাল স্কিনিং এর উপর গুরুত্ব আরোপ করতে হবে।

৪। দপ্তরসহ গ্রন্থাগার পরিষেবা অধিকারের মুখ্য কার্যাবলী মেলা প্রাঙ্গনে বৈদ্যুতিন মাধ্যমে তুলে ধরতে হবে।

৫। কোভিড -১৯ প্রতিকারের যে সরকারি নির্দেশিকা রয়েছে তার ব্যাপক প্রচার করতে হবে।

৬। কোভিড -১৯ বিধি মেনে স্টল নির্মান করতে হবে।

৭। দপ্তর ও গ্রন্থাগারের কার্য্যাবলী প্রসঙ্গে একটি ফোল্ডার তৈরী করতে হবে।

৮। প্রতিটি জেলায় জেলা বইমেলার মেয়াদ ৭ দিনের বেশি হবে না।

৯। স্থানীয় গ্রন্থাগার কৃত্যকের অধীনে একটি জেলা বইমেলা কমিটি গঠন করা হবে যেখানে স্থানীয় গ্রন্থাগার কৃত্যকের সকল সদস্য অন্তর্ভূক্ত থাকবেন।

১০। জেলা শাসক ও জেলা গ্রন্থাগার আধিকারিক জেলা বইমেলা কমিটির যথাক্রমে সভাপতি ও সম্পাদক থাকবেন। কলকাতা জেলার ক্ষেত্রে অধিকর্তা, গ্রন্থাগার পরিষেবা অধিকার জেলা বইমেলা কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন। জেলা গ্রন্থাগার আধিকারিক/ সহ জেলা গ্রন্থাগার আধিকারিক জেলা বইমেলা কমিটির আহ্বায়ক এবং হিসাবরক্ষক হিসাবে দায়িত্ব পালন করবেন। শিলিগুড়ি মহকুমা পরিষদ এলাকার বইমেলা কমিটির সভাপতি ও সম্পাদক হিসাবে যথাক্রমে দায়িত্বপালন করবেন মহকুমা শাসক, শিলিগুড়ি এবং সহ জেলা গ্রন্থাগার আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদ।

১১। জেলা বইমেলা কমিটি গঠন করার সময় পুলিশ প্রশাসন, অগ্নি নির্বাপন দপ্তর, বিদ্যুৎ দপ্তর, পূর্ত দপ্তর প্রভৃতি বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিক বা তাঁদের প্রতিনিধিরা জেলা বইমেলা কমিটির সদস্য হিসেবে যাতে অন্তর্ভূক্ত হন সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। এছাড়াও পৌরসভা, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের জনপ্রতিনিধিসহ, প্রকাশক সংগঠনের প্রতিনিধিরাও উক্ত বইমেলা কমিটির সদস্য হিসাবে বিবেচিত হবেন। মাদ্রাসা/ মিশন পরিচালিত সংস্থা প্রভৃতি সামাজিক প্রতিষ্ঠানের সর্বোচ্চ পদাধিকারীকে বইমেলা কমিটির মিটিংএ আমন্ত্রিত সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করতে হবে।

১২। বইমেলাকে সর্বতোভাবে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে জেলা বইমেলা কমিটির নিয়ন্ত্রণে বিভিন্ন উপসমিতি গঠন করা হবে (বিশদ সংযোজিত হল)।

১৩। অনলাইন পদ্ধতির মাধ্যমে স্টল বুকিং এর ব্যবস্থা করতে হবে।

১৪। জেলা বইমেলা কমিটির নামে একটি পৃথক ব্যাঙ্ক অ্যাকাউন্ট রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে থাকবে। উক্ত অ্যাকাউন্ট যৌথভাবে বইমেলা কমিটির সভাপতি অথবা তার মনোনীত প্রতিনিধি এবং জেলা বইমেলা কমিটির সম্পাদক পরিচালনা করবেন। বইমেলা সংগঠিত হওয়ার ৬ মাসের মধ্যে বইমেলা কমিটির অনুমোদন সাপেক্ষে চ্যাটার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা হিসাব পরীক্ষা করা এবং অর্থ সদ্ব্যবহারের শংসাপত্র কর্তৃপক্ষের নিকট জমা করতে হবে।

১৫। জেলা গ্রন্থাগার আধিকারিক তথা সম্পাদক জেলা বইমেলা কমিটির তহবিলের উৎস সহ একটি বাজেট প্রস্তুত করবেন এবং জেলা বইমেলা কমিটির নিকট অনুমোদনের জন্য পেশ করবেন।

১৬। জেলার বিভিন্ন এলাকায় জেলা বইমেলা আয়োজন করার জন্য যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা উচিত যাতে বইমেলা কোনো বিশেষ স্থানে কেন্দ্রীভূত না হয়। স্থান নির্বাচনের ক্ষেত্রে মেলায় অংশ গ্রহনকারী প্রকাশকদের থাকার পরিকাঠামো সুনিশ্চিত করতে হবে।

১৭। যে স্থানে মেলা সংগঠিত হবে সেই স্থানের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে জেলা বইমেলা কমিটি নীতিগত অনুমতি গ্রহণ করবে। সেই সাথে সংশ্লিষ্ট বিভিন্ন কর্তৃপক্ষের নিকট থেকে ও যথাযথ অনুমতি গ্রহণ করবে।১৮। অগ্নি নির্বাপন ব্যবস্থা প্রতিরোধের জন্য পর্যাপ্ত ব্যবস্থা করা উচিত। কোনো পরিস্থিতিতে মেলা প্রাঙ্গনে ও তার সংলগ্ন এলাকায় আগুনের চুলা/ বার্ণার ব্যবহার করা যাবে না। মেলা প্রাঙ্গনে ধুমপান/ মাদকসেবন কঠোরভাবে নিষিদ্ধ থাকবে।

১৯। জেলা বইমেলা কমিটি কর্তৃক বই মেলার কাঠামো ইত্যাদির জন্য অগ্নি ও প্রাকৃতিক দূর্যোগের জন্য বীমার ব্যবস্থা অবশ্যই করতে হবে।

২০। জেলা বইমেলা প্রাঙ্গনে পানীয় জল, মহিলা ও পুরুষের জন্য পৃথক পৃথক শৌচালয় এবং দর্শকদের প্রবেশ ও প্রস্থান পথের যথাযথ ব্যবস্থা করতে হবে। প্রাথমিক চিকিৎসার জন্য স্বাস্থ্য দপ্তরের স্টলের ব্যবস্থা করতে হবে।

২১। বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশক ও পুস্তক বিক্রেতাদের থাকার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২২। অধিকর্তা, গ্রন্থাগার পরিষেবা অধিকারের পক্ষ থেকে তারিখসহ একটি ক্যালেন্ডার প্রতিটি জেলার বইমেলার জন্য ইতিমধ্যে প্রস্তুত করে পাঠানো হয়েছে। এই ক্যালেন্ডার অনুযায়ী জেলা বইমেলা কমিটি প্রতিটি জেলায় বইমেলা সংগঠিত করবেন।

২৩। বইমেলা উদ্বোধনের অন্তত একসপ্তাহ আগে বইমেলার উদ্বোধকের নাম অধিকর্তা, গ্রন্থাগার পরিষেবা অধিকারে জানাতে হবে।

২৪। বইমেলায় সরকার / সরকার পোষিত ও সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগারের সংখ্যার সাথে সংগতি রেখে বইয়ের স্টলের সংখ্যা নির্ধারণ করা উচিত। মেলায় অংশগ্রহনকারী স্টলের ৮০ শতাংশ স্টল প্রকাশকদের জন্য, ১০ শতাংশ স্টল পুস্তক বিক্রেতাদের জন্য এবং বাকী ১০ শতাংশ স্টল বিভিন্ন দলিত, আদিবাসী, উর্দূ, নেপালী ও সংখ্যালঘু মানুষের জন্য থাকবে।

২৫। মেলা গ্রাউন্ডে বইয়ের স্টল নির্বাচন ও বিতরণ সেই উদ্দেশ্যে গঠিত কমিটি করবে। এ বিষয়ে লটারীর মাধ্যমে স্টল বন্টন বাধ্যতামুলক। স্টলগুলি নির্বাচন করার সময় জাতীয় সংহতি, সাম্প্রদায়িক সম্প্রীতি, শিশুদের জন্য বই, বৃত্তিসহায়ক বিভাগের বই এবং বিভিন্ন ভাষায় পাঠ্য পুস্তকগুলি মেলা প্রাঙ্গনে যাতে পর্যাপ্ত সংখ্যায় প্রদর্শিত হতে পারে সেই বিষয়ে যত্ন নেওয়া উচিত। হিন্দি, উর্দূ, নেপালী, সাঁওতালি ইত্যাদি স্থানীয় ও আঞ্চলিক ভাষার বইগুলিকে গুরুত্ব দিতে হবে।

২৬। স্টলগুলি বিচ্ছিন্নতাবাদী সংগঠন/ বই বিক্রেতাদের কাছে বিতরণ করা যাবে না। এছাড়াও এটি নিশ্চিত করা উচিত যে ধর্মনিরপেক্ষতা, জাতীয়তাবাদ ইত্যদির বিরুদ্ধে কোন প্রকাশনা প্রকাশ করা বা বইয়ের মেলায় বিক্রি করার অনুমতি দেওয়া যাবেনা।

২৭। বইমেলায় অংশ গ্রহনের জন্য প্রত্যেক আবেদনকারী তাদের সর্বশেষ ক্যাটালগ মূল্য সহ নতুন প্রকাশনা আবেদনপত্রের সঙ্গে জমা দেবেন। ক্যাটালগ অনুসারে শুধুমাত্র মুদ্রিত মূল্যটি বইমেলায় গৃহীত হবে।

২৮। ক্ষুদ্র পত্রপত্রিকার জন্য ২০০ বর্গফুটের স্টলের ব্যবস্থা রাখতে হবে। ১০০ বর্গফুট জেলার এবং বাকী ১০০ বর্গফুট বহিরাগত ক্ষুদ্র পত্রপত্রিকার জন্য নির্দিষ্ট করতে হবে। এই স্টলে চারটি চেয়ার, চারটি টেবিল ও যথোপযুক্ত আলোর ব্যবস্থা করতে হবে।

২৯। বইমেলা থেকে গ্রামীণ গ্রন্থাগারগুলি ন্যূনতম দশ হাজার (১০,০০০/-) টাকা, শহর/ মহকুমা গ্রন্থাগারগুলি ন্যূনতম তের হাজার (১৩,০০০/-) টাকা ও জেলা গ্রন্থাগারগুলি ন্যূনতম পঁয়ত্রিশ হাজার (৩৫,০০০/-) টাকার বই ক্রয় করতে বাধ্য থাকবে। গ্রন্থাগারের জন্য মোট অনুমোদিত অর্থের ৫শতাংশ শিশুদের, ১৫ শতাংশ উর্দূ, হিন্দি, সাঁওতালী, নেপালী বই, সংখ্যালঘু বিষয়ক বই কেনার জন্য ব্যয় করতে হবে। সেই সঙ্গে রেফারেন্স বই এবং বিভিন্ন বৃত্তিসহায়ক সম্পর্কিত বইগুলি কেনার উপর গুরুত্ব দিতে হবে।একাধিক স্টল থেকে বই ক্রয় করতে হবে।

৩০। বইমেলার যথাযথ প্রচারের ব্যবস্থা বিভিন্ন মাধ্যম যথা ব্যানার, পোষ্টার, হোর্ডিং, লিফলেট, বেতার ও কেবল লাইনের মাধ্যমে করতে হবে।

৩১। জেলা বইমেলা শুধুমাত্র বই ক্রয় বিক্রয়ের স্থান নয় বাংলার সংস্কৃতির পরম্পরা, গ্রন্থাগারের প্রয়োজনীয়তা, পাঠাভ্যাস, স্বাক্ষরতার বিস্তার প্রভৃতির প্রয়োজনীয়তা তুলে ধরে একটি স্বতন্ত্র সাংস্কৃতিক অনুষ্ঠান সংগঠিত করতে হবে। এটি লেখক, পাঠক, প্রকাশক, গ্রন্থাগার কর্মী, এবং জনসাধারণের যোগাযোগের স্থান হওয়া উচিত। জেলার শিল্প, লোকশিক্ষা, অর্থনৈতিক, সাংস্কৃতিক ঐতিহ্য এবং জেলার উন্নয়নমূলক কর্মসূচী তুলে ধরে একটি প্রদর্শনীর ব্যবস্থা করা যেতে পারে। স্থানীয় গবেষক, অধ্যাপক, জাতীয় শিক্ষক, লেখক ও বিষয় বিশেষজ্ঞদের নিয়ে বিতর্ক, সেমিনার, আলোচনাসভা প্রভৃতি প্রত্যহ সংগঠিত করতে হবে।

৩২। দর্শকদের দৃষ্টিভঙ্গী নিরুপনের জন্য একটি পরামর্শ / মন্তব্য খাতা বই মেলা প্রাঙ্গনে রাখতে হবে। এর দ্বারা বইমেলার ত্রুটি বিচ্যুতিগুলি এবং বইমেলাকে সুন্দর করার বিষয়টি বইমেলা কমিটির নজরে আসবে।

৩৩। বইমেলায় বই বিক্রির পরিমান এবং কত সংখ্যক দর্শক মেলায় অংশ গ্রহণ করেছিলেন তার পরিসংখ্যান রাখতে হবে। মেলা শেষ হওয়ার ১০দিনের মধ্যে বইমেলার তারিখ, স্থান, মেলায়অংশগ্রহণকারী প্রকাশক, মোট বিক্রির পরিমাণ, কত দর্শক মেলায় অংশগ্রহণ করেছিল তার একটি পূর্ণাঙ্গ রিপোর্ট ছবিসহ অধিকর্তা, গ্রন্থাগার পরিষেবা অধিকারে অবশ্যই পাঠাতে হবে।

৩৪। বইমেলা কমিটি প্রতি ১০০ বর্গফুট বইয়ের স্টলে ২টি চেয়ার, ১টি টেবিল (৩ফুট X ২.৫০ ফুট), ১টি টিউবলাইট এবং ১টি র‍্যাক (৬ফুট X ৪ফুট) বিনামূল্যে সরবরাহ করতে বাধ্য থাকবে। প্রতি ২০০ বর্গফুট বইয়ের স্টলের জন্য চারটি চেয়ার, ২টি টেবিল (৩ফুট X ২.৫০ ফুট), ২টি টিউবলাইট এবং ২টি র‍্যাকের (৬ফুট X ৪ফুট) ব্যবস্থা করবে।

৩৫। মেলা প্রাঙ্গনের মুখ্য স্থানে জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা দপ্তরের স্টলটি রাখতে হবে।

৩৬। বইমেলাতে নিম্নলিখিত বিষয়গুলির উপর চারদিনে চারটি আলোচনাসভা করতে হবে। ক) কবি সম্মেলন, (খ) সাহিত্যসভা, (গ) গণতন্ত্র ও ভারতের সংবিধান, (ঘ) পশ্চিমবঙ্গের প্রখ্যাত মনীষীদের অবদান।

অধিকর্তা,
গ্রন্থাগার পরিষেবা অধিকার
পশ্চিমবঙ্গ

## সংযোজনী - ১

জেলা বইমেলার জন্য নিম্নলিখিত উপসমিতিগুলি গঠন করতে হবে ঃ

১) অভ্যর্থনা উপসমিতি
২) অর্থ উপসমিতি
৩) দপ্তর উপসমিতি
৪) সাংস্কৃতিক উপসমিতি
৫) গ্রাউন্ড উপসমিতি
৬) স্টল নির্বাচন ও বন্টন উপসমিতি
৭) স্মরণিকা উপসমিতি
৮) প্রচার উপসমিতি
৯) আপ্যায়ন উপসমিতি
১০) পরিবেশ